**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 9/18/2020 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

# গভর্নর কুওমো করোনাভাইরাস সম্পর্কিত গুরুতর নিয়ম লঙ্ঘনের অভিযোগে 33টি অতিরিক্ত বার এবংরেস্টুরেন্টের মদের লাইসেন্স স্থগিত করার কথা ঘোষণা করেছেন, কলেজ এলাকার বারগুলির উপর নজর কেন্দ্রীভূত করে বলবতকরণ প্রচেষ্টা শুরু করেন

***গণস্বাস্থ্য জরুরি অবস্থার সময় 201টি ব্যবসার মদের লাইসেন্স স্থগিত করা হয়েছে***

***মাল্টি-এজেন্সি টাস্ক ফোর্স এই সপ্তাহান্তে 4,500 কমপ্লায়েন্স চেক পরিচালনা করেছে, ও নিউ ইয়র্ক সিটি এবং লং আইল্যান্ডে 14টি অতিরিক্ত লঙ্ঘন পর্যবেক্ষণ করছে***

***এই পর্যন্ত 1,084টি চার্জ দাখিল এবং প্রক্রিয়াকরণ করা হয়েছে; সাসপেনশন এবং চার্জের হালনাগাদকৃত তালিকা এখানে পাওয়া যাবে***

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ ঘোষণা করেছেন যে মহামারী সম্পর্কিত নির্বাহী আদেশ গুরুতরভাবে লঙ্ঘনের অভিযোগে স্টেট নিউ ইয়র্ক স্টেটের 33টি অতিরিক্ত বারের জন্য মদের লাইসেন্স স্থগিত করেছে, যা করোনাভাইরাস মহামারীর সময় মোট মদের লাইসেন্স স্থগিত করার সংখ্যা 201টিতে নিয়ে এসেছে। সোমবার থেকে বৃহস্পতিবার রাতের মধ্যে, রাজ্য পুলিশ (State Police) এবং রাজ্য মদ কর্তৃপক্ষের (State Liquor Authority) নেতৃত্বে রাজ্যের মাল্টি এজেন্সি টাস্ক ফোর্স (state's multi-agency task force) 4,645টি কমপ্লায়েন্স চেক পরিচালনা করে এবং 14টি প্রতিষ্ঠানে লঙ্ঘন নথিভুক্ত করে -- যা প্রমাণ করে যে রাজ্যের বর্ধিত বলবতকরণ ক্রিয়াকলাপ রাজ্যের মহামারী সম্পর্কিত স্বাস্থ্য এবং নিরাপত্তা বিধি লঙ্ঘন করা প্রতিষ্ঠানগুলির সংখ্যা হ্রাস করছে। COVID-19 বিধি লঙ্ঘন করা ব্যবসাগুলিকে প্রতি লঙ্ঘনের জন্য 10,000 মার্কিন ডলার পর্যন্ত জরিমানা দিতে হতে পারে, অন্যদিকে অত্যন্ত গুরুতর লঙ্ঘনের ফলে অবিলম্বে একটি বার বা রেস্টুরেন্টের লিকার লাইসেন্স স্থগিত করা হতে পারে।

ফল সেমিস্টারের জন্য কলেজের ছাত্র-ছাত্রিদের ফিরে আসার সাথে, গভর্নর কুওমো রাজ্যের মদ্য পানীয় কর্তৃপক্ষকে (State Liquor Authority) নির্দেশ দিয়েছেন সেই সব এলাকায় পানশালা এবং রেস্টুরেন্টগুলি সমস্ত জনস্বাস্থ্যের ব্যবস্থা গ্রহণ করছে তা নিশ্চিত করার প্রচেষ্টা বাড়াতে যেখানে কলেজের ছাত্র-ছাত্রিরা সাধারণত জড়ো হয়। আজ পর্যন্ত, এই বলবৎকরণ প্রচেষ্টা কর্টল্যান্ড, ডাচেস, ম্যাডিসন, মনরো, ওসওয়েগো এবং শেনেকটাডি কাউন্টিতে মর্মান্তিক লঙ্ঘন খুঁজে পেয়েছে - যেখানে লঙ্ঘনের ফলে প্রতিষ্ঠানটির লাইসেন্স সংক্ষিপ্তভাবে স্থগিত করা হয়। সারা দেশের কলেজ এবং বিশ্ববিদ্যালয়গুলির সাথে সম্পর্কিত উল্লেখযোগ্য প্রাদুর্ভাবের সাথে, এই পদক্ষেপগুলি আমাদের ছাত্র-ছাত্রি, শিক্ষক, কর্মচারী এবং আশেপাশের সম্প্রদায়কে সুরক্ষিত রাখতে সাহায্য করবে।

"নিউ ইয়র্কবাসীরা করোনাভাইরাসের বিস্তার রোধ করতে একসাথে কাজ করেছেন -- কিন্তু আমাদের সংক্রমণের হার প্রায় 1 শতাংশের আশেপাশে থাকায় এবং এক দ্বিতীয় তরঙ্গের ঝুঁকি থেকে যাওয়ায়, গত ছয় মাসে আমাদের সাহায্য করা সফল কৌশলগুলির প্রতি আমাদের অবশ্যই দ্বিগুণ গুরুত্ব দিতে হবে," **গভর্নর কুওমো বলেন।** "যদিও এটা পরিষ্কার যে আমাদের টাস্ক ফোর্সের বর্ধিত প্রয়োগ একটি ভাল প্রভাব ফেলেছে, আমরা নিজেদের সন্তুষ্ট হতে দিতে পারি না অথবা অন্যান্য রাজ্য থেকে আসা ব্যক্তিদের এই গুরুত্বপূর্ণ জনস্বাস্থ্যের বিধির জন্য উদাসীনতা নিয়ে আসতে দিতে পারি না। এই পদক্ষেপটি সেই স্বল্প সংখ্যক প্রতিষ্ঠানগুলির জন্য একটি অনুস্মারক হিসেবে কাজ করা উচিৎ যারা প্রকাশ্যে নিয়ম লঙ্ঘন করে সকল নিউ ইয়র্কবাসীদের ঝুঁকির মুখে ফেলছে, এবং তাদের জবাবদিহি করা হবে।"

**স্টেট লিকার অথরিটির চেয়ারম্যান ভিনসেন্ট ব্র্যাডলি বলেন:** "গভর্নর কুওমোর নেতৃত্বের অধীনে, আমাদের টাস্ক ফোর্স একটি সত্যিকারের প্রভাব ফেলেছে এবং আমরা আরো ভালোভাবে নিয়ম মেনে চলা দেখতে পাচ্ছি। আমরা সেই স্বল্প সংখ্যক ব্যবসাগুলির দমন চালিয়ে যাব, যারা আইন এবং সাধারণ জ্ঞান লঙ্ঘন করে পরিচালনা চালিয়ে যাচ্ছে -- নিউ ইয়র্কবাসীদের স্বাস্থ্য এবং আমাদের অব্যাহত অগ্রগতিকে ঝুঁকিতে ফেলে।"

রাজ্যের মদ্য পানীয় কর্তৃপক্ষ বোর্ড (State Liquor Authority Board) যে 33টি প্রতিষ্ঠানকে তাৎক্ষণিক স্থগিতাদেশের জরুরী আদেশ জারি করে সেগুলি নিউ ইয়র্ক শহর, লং আইল্যান্ড, মিড-হাডসন, ফিঙ্গার লেক্স, সেন্ট্রাল নিউ ইয়র্ক এবং রাজধানী অঞ্চলে অবস্থিত। একটি কাউন্টি অনুযায়ী বিশদ তথ্য নীচে দেওয়া হল:

নিউ ইয়র্ক সিটিতে:

- বঙ্কস- 1
- ব্রুকলিন - 2
- ম্যানহাটন - 6
- কুইন্স - 12
- রিচমন্ড - 1

নিউইয়র্ক সিটির বাইরে:

- অ্যালবেনি - 1
- কর্টল্যান্ড - 1
- ডাচ - 1
- ম্যাডিসন - 1
- মনরো - 1
- নাসাউ - 1
- স্কেনেকটেডি - 1

- সাফোক - 3
- ওয়েস্টচেস্টার - 1

29 এবং 13 আগস্ট পূর্ণ বোর্ডের একটি বিশেষ সভায় চেয়ারম্যান ব্র্যাডলি, কমিশনার লিলি ফ্যান এবং কমিশনার গ্রিলি ফোর্ড জরুরি স্থগিতাদেশগুলি জারি করেন যা সামাজিক দূরত্বের নির্দেশিকার অধীনে ডিজিটালভাবে রেকর্ড করা ভিডিওর মাধ্যমে সংঘটিত হয়। যখন স্টেট লিকার অথোরিটি (State Liquor Authority, SLA) একটি লাইসেন্সপ্রাপ্ত ব্যবসার অব্যাহত অপারেশন জনস্বাস্থ্য এবং নিরাপত্তার জন্য ঝুঁকিপূর্ণ বলে নির্ধারণ করে তখন জরুরী তাৎক্ষণিক স্থগিতাদেশ জারি করা হয়। স্থগিতাদেশ অবিলম্বে প্রদান করা হয় এবং অনির্দিষ্টকালের জন্য কার্যকর থাকে, যার মধ্যে সর্বোচ্চ জরিমানার অন্তর্ভুক্ত স্থায়ী লাইসেন্স বাতিলকরণ এবং 10,000 মার্কিন ডলার পর্যন্ত জরিমানা। জরুরি স্থগিতাদেশ প্রাপ্ত লাইসেন্সধারীরা SLA প্রশাসনিক আইনের বিচারকের কাছে একটি দ্রুত শুনানির অধিকার রাখেন।

যে 33টি বারের প্রতি স্থগিতাদেশ জারি করা হয়েছে সেগুলো নিচে তালিকাভুক্ত করা হল, তাদের লঙ্ঘন সম্পর্কিত তথ্য এবং তাদের স্থগিতাদেশের তারিখ সহ।

**29 আগস্ট 2020 তারিখে আলবানির 325 সেন্ট্রাল এভিনিউতে "ক্লাবহাউস" (Clubhouse)**

28 শে আগস্ট তারিখে, কোন সামাজিক দূরত্ব বজায় না রেখে বারটি জনাকীর্ণ থাকার সম্পর্কে অসংখ্য অভিযোগের উপর ভিত্তি করে, একজন SLA তদন্তকারী সতেরোজন পৃষ্ঠপোষককে মুখের আবরণ ছাড়াই ভবনের ভেতরে ঘুরে বেড়াতে দেখেছেন। বারে বারোজন পৃষ্ঠপোষক বসে ছিলেন এবং দুজন কাছাকাছি দাঁড়িয়ে ছিলেন, যেখানে খাবার পরিবেশনের কোন প্রমাণ ছিল না। মুখের আবরণ ছাড়া, যা নির্বাহী আদেশ লঙ্ঘন করে, একজন বারটেন্ডারের কাছ থেকে তদন্তকারী একটি অ্যালকোহলযুক্ত পানীয় অর্ডার করেছিলেন এবং তাকে কোন খাবার সরবরাহ করা হয়নি বা কোন খাবার কেনার প্রয়োজন হয়নি। SLA পরিদর্শনের আগে প্রয়োজনীয়তাগুলির সম্পর্কে প্রতিষ্ঠানে জানানোর চেষ্টা করে, একজন তদন্তকারী 24 শে আগস্ট তারিখে প্রতিষ্ঠানটির সাথে যোগাযোগ করেন অভিযোগগুলো নিয়ে আলোচনা করার জন্য -- একজন কর্মচারী যিনি ফোনের উত্তর দিয়েছিলেন তিনি জানান যে মালিক উপস্থিত ছিলেন না এবং সম্ভাব্য লঙ্ঘনগুলির সম্পর্কে তাকেজানানোর সময় তিনি কলটি কেটে দেন।

**29শে আগস্ট, 2020 তারিখে কুইন্সের 533 বিচ 126 তম স্ট্রিটে "বেল হারবার ইয়ট ক্লাব" (Belle Harbor Yacht Club)**

28শে আগস্ট তারিখে, একটি বিশাল জনসমাবেশ সম্পর্কে অভিযোগগুলি অনুসরণ করে, রাজ্যের মাল্টি-এজেন্সির টাস্ক ফোর্সের তদন্তকারীরা আশিজন পৃষ্ঠপোষকদের প্রাঙ্গণের বাইরে একটি পার্কিং লটে সামাজিক দুরত্বের নির্দেশিকা উপেক্ষা করে জড়ো হয়ে দাড়িয়ে থাকতে এবং মদ্যপান করতে দেখেন। প্রায় পঁচিশজন ব্যক্তিদের মুখের আবরণ ছাড়া দেখা গেছে।

**29 আগস্ট 2020 তারিখে ম্যানহাটনের 241 বাওয়ারিতে অবস্থিত "কার্ভনা মেজি" (Karvouna Mezze)**

২৪ শে আগস্ট তারিখে, রাজ্যের মাল্টি-এজেন্সির টাস্ক ফোর্সের তদন্তকারীরা একজন গিটার বাদক এবং একজন গায়ককে মুখের আবরণ ছাড়া প্রাঙ্গনের বাইরে পারফর্ম করতে দেখেন। প্রায় কুড়িজন পৃষ্ঠপোষকরা -- বেশিরভাগ মুখের আবরণ ছাড়া -- মদ্যপান, নাচ করছিলেন এবং সামাজিক দূরত্বের নিয়মকানুন লঙ্ঘন করছিলেন।

**1 সেপ্টেম্বর, 2020 তারিখে বোহেমিয়ার 10কার্লো রোডে "টেম্পটেশনস" (Temptations)**

29 শে আগস্ট তারিখে, রাষ্ট্রের মাল্টি এজেন্সির টাস্ক ফোর্সের তদন্তকারীরা প্রায় দশজন পৃষ্ঠপোষক এবং কর্মচারীদের দেখেন- বেশিরভাগই মুখের আবরণ ছাড়া -- সামাজিক দূরত্বের নির্দেশিকা উপেক্ষা করে দাঁড়িয়ে থাকতে, জড়ো হতে এবং প্রাঙ্গনের সামনে সরাসরি ঘুরে বেড়াতে। প্রতিষ্ঠানে ঢোকার পর তদন্তকারীরা বেশ কয়েকজন কর্মচারীদের মুখের আবরণ ছাড়া দেখতে পান, যাদের মধ্যে রয়েছেন দুজন বারটেন্ডার, একাধিক নিরাপত্তা রক্ষী এবং একজন কর্মচারী যিনি ল্যাপ ড্যান্স করছিলেন। তদন্তকারীরা এছাড়াও নথিভুক্ত করেছেন যে পৃষ্ঠপোষকরা প্রতিষ্ঠানের ভেতরে সামাজিক দূরত্ব উপেক্ষা করছিলেন, এবং পুরো চত্বর জুড়ে টেবিলগুলিতে কোন খাবার দেখা যায়নি।

**1লা সেপ্টেম্বর, 2020 তারিখে কুইন্সের 32-02 লিন্ডেন প্লেসে "সোহো KTV এন্ড বার" (SoHo KTV & Bar)**

30 শে আগস্ট তারিখে, গভর্নরের নির্বাহী আদেশ লঙ্ঘন করে বারটি খোলা থাকা এবং ভেতরে পৃষ্ঠপোষকদের সাথে পরিচালনা করার সম্পর্কেঅভিযোগগুলি অনুসরণ করে নিউ ইয়র্ক সিটি শেরিফের অফিস ঘটনাস্থলটিতে সাড়া দেয়। শেরিফের অফিস রিপোর্ট করেছে যে অফিসাররা আসার পর তারা চল্লিশ থেকে পঞ্চাশজন পৃষ্ঠপোষকের একটি দলকে জরুরী প্রস্থানের পথ থেকে বের হয়ে আসতে দেখেছেন। কর্মকর্তারা ভবনের ভেতরে কারাওকে রুমগুলি পরিদর্শন করেন এবং প্রমাণ পান যে পৃষ্ঠপোষকরা এইমাত্র চলে গেছে, যার মধ্যে রয়েছে অবশিষ্ট খাদ্য এবং আংশিকভাবে খাওয়া মদের বোতলসমূহ। ম্যানেজার সহ আরও তেইশজন পৃষ্ঠপোষকদের ভবনের ছাদে অফিসাররা খুঁজে পেয়েছেন।

**2রা সেপ্টেম্বর, 2020 তারিখে কুইন্সের 41-02 কলেজ পয়েন্ট বুলেভার্ডে "CJ ডায়মন্ড ক্যাফে" (CJ Diamond Café)**

1লা সেপ্টেম্বর তারিখে, নিউ ইয়র্ক সিটি শেরিফের অফিস চত্বরের ভেতরে লোকজন থাকার একটি অভিযোগের প্রতিক্রিয়ায় রাত 11:30টার দিকে ঘটনাস্থলে পৌঁছায় এবং একদল লোককে প্রতিষ্ঠানে প্রবেশ করতে দেখে। ঢোকার পর অফিসাররা ভেতরে ত্রিশজন পৃষ্ঠপোষকদের খুঁজে পান এবং আরও পঁচাত্তর থেকে একশজন পৃষ্ঠপোষকদের জরুরী প্রস্থান পথের মাধ্যমে চত্বর ছেড়ে পালিয়ে যেতে দেখেন। অফিসাররা ভবনের ভেতরে দুটি কক্ষ খুঁজে পেয়েছেন যেখানে পৃষ্ঠপোষকরা গান করছিলেন, মদ্যপান করছিলেন এবং বেশ কিছুজন ধূমপান করছিলেন- গভর্নরের নির্বাহী আদেশ স্পষ্টভাবে লঙ্ঘন করে, যা 16ই মার্চ এবং NYS ক্লিন ইনডোর এয়ার অ্যাক্টের সময় থেকে ইনডোর পরিষেবা নিষিদ্ধ করেছে।

**2 সেপ্টেম্বর, 2020 তারিখে পাচৌগের 350-26 ইস্ট মেইন স্ট্রিটে "প্লাজা পাপো ডেলি" (Plaza Papo Deli)**

29 আগস্ট, একটি নাবালক স্টিং অনুসরণ করে সাফোক কাউন্টি পুলিশ বিভাগের (Suffolk County Police Department) একজন নাবালক এজেন্ট প্লাজা পাপো ডেলিতে (Plaza Papo Deli) মদ্য কিনতে সক্ষম হয়, রাজ্যের মাল্টি-এজেন্সি টাস্ক ফোর্সের একজন তদন্তকারী মুদি দোকানে প্রবেশ করেন -- যার প্রাঙ্গনে মদ্যপানের জন্য অ্যালকোহল পরিবেশন করার অনুমতি নেই -- এবং দশজন গ্রাহককে প্রাঙ্গনে মদ্যপান করতে, সংগীত শুনতে এবং টিভি দেখতে দেখা যায়। এছাড়াও তদন্তকারী কাউন্টারের পিছনে বিক্রির জন্য অবৈধ প্রেসক্রিপশনের ওষুধ আবিষ্কার করেন এবং সাফোক কাউন্টি পুলিশ (Suffolk County Police) প্রেসক্রিপশনের ওষুধের অপরাধমূলক বিচ্যুতির অভিযোগে ম্যানেজারকে গ্রেফতার করে।

**2 সেপ্টেম্বর, 2020 তে কুইন্সের 102-10 37তম অ্যাভিনিউতে "লা ট্রঙ্কালেনা লাউঞ্জ অ্যান্ড রেস্টুরেন্ট" (La Troncalena Lounge & Restaurant)**

30 আগস্ট, রাজ্যের মাল্টি এজেন্সি টাস্ক ফোর্সের তদন্তকারীরা ছয়জন গ্রাহককে ভিতরে মদ্যপান করতে দেখেন, মুখের আবরণ ছাড়া একাধিক কর্মচারী, এবং বাইরে দশ থেকে পনেরজন গ্রাহক সামাজিক দূরত্ব না রেখে মদ্যপান করছিলেন, যার মধ্যে একজন ক্যারিয়োকে গাইছিলেন, এই সব ছিল গভর্নরের একাধিক নির্বাহী আদেশের সুস্পষ্ট লঙ্ঘন, যার মধ্যে অন্তর্ভুক্ত 2020 সালের 16 মার্চ থেকে বলবৎ আদেশটি।

**2 সেপ্টেম্বর 2020 তারিখে ম্যানহাটানের 197 2য় অ্যাভেনিউয়ের "ব্ল্যাক এম্পারর বার" (Black Emperor Bar)**

31 আগস্ট, রাজ্যের মাল্টি এজেন্সি টাস্ক ফোর্সের তদন্তকারীরা আটজনেরও বেশি গ্রাহকদের লাইসেন্সপ্রাপ্ত ভবনের সামনে দাঁড়িয়ে থাকতে, মদ্যপান করতে এবং জড়ো হতে দেখেন। ভিতরে, তদন্তকারীরা তিনজন গ্রাহককে পানশালায় বসে মদ্যপান করতে দেখেন এবং একজন গ্রাহককে হাতে পানীয় নিয়ে দাঁড়িয়ে থাকতে দেখেন, এই সমস্ত 2020 সালের 16ই মার্চ থেকে বলবৎ গভর্নরের নির্বাহী আদেশের লঙ্ঘন।

**4 সেপ্টেম্বর, 2020 তারিখে কুইন্সের 281 সেন্ট নিকোলাস অ্যাভিনিউতে "লাস লাগুনাস ডেলি গ্রোসারি" (Las Lagunas Deli Grocery)**

2রা সেপ্টেম্বরে নিউ ইয়র্ক পুলিশ বিভাগের (NYPD) কর্মকর্তারা এই মুদি দোকানের ভিতরে নয়জন ব্যক্তিকে দেখেন -- যেখানে প্রাঙ্গনে মদ্যপান করা একেবারেই অনুমোদিত নয় - মদ্যপান করতে এবং সামাজিক দূরত্বের নিয়ম লঙ্ঘন করতে দেখেন। এছাড়াও কর্মকর্তারা ভবনের ভিতরে দুটি অবৈধ গ্যাম্বলিং ভিডিও গেম ডিভাইস আবিষ্কার করেন।

**4 সেপ্টেম্বর 2020 তারিখে ম্যানহাটনের 524 9ম অ্যাভেনিউতে অবস্থিত "ট্যাকিরিয়া ডাইয়ায়া" (Taqueria Diana)**

2রা সেপ্টেম্বরে, রাজ্যের মাল্টি এজেন্সি টাস্ক ফোর্সের তদন্তকারীরা প্রাঙ্গনের ভিতরে পাঁচজন গ্রাহককে মদ্যপান করতে দেখেন, যা গভর্নরের নির্বাহী আদেশের সুস্পষ্ট লঙ্ঘন, যেটি 2020 সালের 16ই মার্চ থেকে নিউ ইয়র্ক শহরে অভ্যন্তরীণ ডাইনিং নিষিদ্ধ করেছে। গ্রাহকরা মুখের আবরণ পরেন নি বা সামাজিক দূরত্ব অনুশীলন করছিলেন না, এবং বারটেন্ডার এবং রান্নাঘরের একজন কর্মচারীকে মুখের

আবরণ ছাড়াই দেখা গেছে। এই ব্যবসাটি একটি পুনরাবৃত্তি করা অপরাধী, যেখানে তদন্তকারীরা ২৪শে জুলাই ভবনের ভিতরে দুজন গ্রাহককে দেখতে পান।

**4 সেপ্টেম্বর, 2020 তারিখে ম্যারাথনের 3 ক্রুম স্ট্রিটে "থ্রি বিয়ার ইন" (Three Bear Inn)**
3রা সেপ্টেম্বরে, একজন রাজ্যের মদ্য পানীয় কর্তৃপক্ষের (SLA) তদন্তকারী এই প্রাঙ্গণে একটি অপ্রকাশিত পরিদর্শন করেন, যেখানে একটি ব্যান্ড গান গাইছিল এবং প্রায় ত্রিশজন গ্রাহক মদ্যপান করছিলেন এবং সামাজিক দূরত্বের নিয়ম উপেক্ষা করছিলেন, যার মধ্যে একাধিক গ্রাহক ছিলেন যাদের মুখের আবরণ ছিল না। এছাড়াও লাইসেন্সধারীকে বাইরে একটি লাইসেন্সবিহীন পানশালা থেকে অ্যালকোহল পরিবেশন করতে দেখা গেছে, কোনো খাবার ছাড়াই। এর আগেও মে মাসের শেষের দিকে এবং জুনের শুরুতে সামাজিক দূরত্ব লঙ্ঘনের অভিযোগের পরিপ্রেক্ষিতে রাজ্যের মদ্য পানীয় কর্তৃপক্ষ (SLA) এই লাইসেন্সধারীকে সতর্ক করেছিল।

**4 সেপ্টেম্বর, 2020 তারিখে কুইন্সের 36-10 ইউনিয়ন স্ট্রিটে অবস্থিত "উই গো কেটিভি" (We Go KTV)**
4ঠা সেপ্টেম্বরে, প্রাঙ্গণ থেকে প্রবাহিত জোরে সংগীতের জন্য 311টি অভিযোগের উত্তরে রাজ্যের মাল্টি-এজেন্সি টাস্ক ফোর্সের তদন্তকারীরা এবং নিউ ইয়র্ক পুলিশ বিভাগের (NYPD) কর্মকর্তারা লবিতে ছয়জন গ্রাহককে প্রাঙ্গনে প্রবেশ করতে দেখেন। প্রতিষ্ঠানের তৃতীয় তলায় ঢোকার পর, তদন্তকারীরা আনুমানিক এক শতাধিক গ্রাহকের সমাবেশ আবিষ্কার করেন। গ্রাহকরা জরুরী প্রস্থান দ্বারা বেরিয়ে যেতে শুরু করার পর, ইন্সপেকশন দলের 109তম প্রিসিঙ্কট থেকে ব্যাকআপের প্রয়োজন হয়, এবং নিউ ইয়র্ক পুলিশ বিভাগের (New York Police Department, NYPD) কর্মকর্তারা তারপরে কেটামাইন দখলের অভিযোগে দুজন ব্যক্তিকে গ্রেফতার করেন এবং "বিশৃঙ্খল প্রাঙ্গন"-এর জন্য দুটি ফৌজদারি আদালতের সমন জারি করে, যার মধ্যে রয়েছে সামাজিক দূরত্ব বজায় রাখার অভাব এবং প্রতিষ্ঠান জুড়ে গ্রাহকদের মুখের আবরণ পরিধান না করা।

**4 সেপ্টেম্বর, 2020 তারিখে প্যাচোগের 32 বেকার প্লেসে "অফ-কী টিক্কি" (Off-Key Tikki)**
সামাজিক দূরত্বের নিয়ম লঙ্ঘনের অভিযোগের পর, SLA লাইসেন্সধারীকেএকটি সতর্কতা জারি করেন বিরত থাকার জন্য আগস্টের 25 তারিখে। এক সপ্তাহেরও কম সময় পরে, 29 আগস্ট, রাজ্যের মাল্টি এজেন্সি টাস্ক ফোর্সের তদন্তকারীরা সাতজন পৃষ্ঠপোষককে বাইরের পরিষেবা এলাকায় দাঁড়িয়ে থাকতে দেখেন মুখের আবরণ ছাড়াএবং সামাজিক দূরত্বের বিধি উপেক্ষা করে। পরের রাতে তদন্তকারীরা ফিরে আসেনএবং দেখেন যে প্রাঙ্গনের ভিতরে বেশ কয়েকজন পৃষ্ঠপোষক দাঁড়িয়ে আছেন, অ্যালকোহল খাচ্ছেন এবং মুখের আবরণ ছাড়া পানশালা এলাকায় মেলামেশা করছেন, বারে বসে থাকা একাধিক পৃষ্ঠপোষক 6 ফুট দূরত্বে নেই, মুখের আবরণ ছাড়া একাধিক কর্মচারী, এবং একাধিক পৃষ্ঠপোষক খোলা কন্টেইনার নিয়ে সেই ভবন থেকে বেরিয়ে যাচ্ছেন।

**5 সেপ্টেম্বর 2020 তারিখে কুইন্সের 102-06 43তম অ্যাভেনিউ এর "সাবোর নর্টেনো" (Sabor Norteno)**
4 সেপ্টেম্বর, রাজ্যের মাল্টি এজেন্সি টাস্ক ফোর্সের তদন্তকারীরা 16 মার্চ, 2020 থেকে লাগু গভর্নরের নির্বাহী আদেশ যা নিউ ইয়র্ক শহরে ইনডোর ডাইনিং নিষিদ্ধ করে, তা লঙ্ঘন করে 27 জন পৃষ্ঠপোষককে পর্যবেক্ষণ করেন প্রাঙ্গনের ভিতরে মদ্যপান করতে।

**5 সেপ্টেম্বর 2020 তারিখে ম্যানহাটানের 174 অর্চার্ড স্ট্রিটে অবস্থিত "দ্য স্কিনি বার লাউঞ্জ" (The Skinny Bar Lounge)**
4 সেপ্টেম্বর তারিখে রাজ্যের মাল্টি এজেন্সি টাস্ক ফোর্সের তদন্তকারীরা কুড়ি জনেরও বেশী পৃষ্ঠপোষককে পর্যবেক্ষণ করেন, যারা মুখের আবরণ ছাড়া সরাসরি প্রাঙ্গনের সামনে দাঁড়িয়ে ছিলেন, তারা খাবার ছাড়া মদ্যপান করছিলেন; মুখের আবরণ বিহীন একজন কর্মচারী; এবং সাত পৃষ্ঠপোষক, যারা প্রায় প্রাঙ্গন থেকে পঞ্চাশ ফুট দূরে ছিলেন মুখের আবরণ ছাড়া এবং মদ্যপান করছিলেন।

**5 সেপ্টেম্বর 2020 তারিখে ম্যানহাটনের 615 9ম স্ট্রিটে অবস্থিত "সুশিভা" (Sushiva)**
4 সেপ্টেম্বরে মাল্টি এজেন্সি টাস্ক ফোর্সের তদন্তকারীরা 2020 সালের 16 মার্চ মাসের গভর্নরের নির্বাহী আদেশ যা নিউ ইয়র্ক শহরের আভ্যন্তরীণ আহারাদী নিষিদ্ধ করে, তা লঙ্ঘন করে ছয় জন পৃষ্ঠপোষককে প্রাঙ্গণের অভ্যন্তরে মদ্যপান করতে এবং খেতে দেখেন। সুশিভার মদের লাইসেন্স মাত্র তিন মাস আগে, 1 জুন, 2020 তারিখে জারি করা হয়েছিল।

**7 সেপ্টেম্বর 2020 তারিখে কুইন্সের 41-14 162তম স্ট্রিটে অবস্থিত "জুরাং" (Zurang)**
3 সেপ্টেম্বরে, রাজ্যের মাল্টি এজেন্সি টাস্ক ফোর্সের তদন্তকারীরা প্রায় এক ডজন পৃষ্ঠপোষককে ভবনের ভেতরে খাবার খেতে দেখেন, এছাড়াও পিছনের বারান্দায় ছয়টি পৃথক, স্থায়ীভাবে নির্মিত কক্ষের মধ্যে আরও এক ডজন মানুষকেও দেখেন, সবগুলোই মার্চ 16, 2020 তারিখ থেকে জারি করা আভ্যন্তরীণ ডাইনিং বিধিনিষেধ লঙ্ঘন করে।

**7 সেপ্টেম্বর 2020 তারিখে ব্রুকলিনের 1071 ব্রডওয়ের "মার্কোজ" (Marko's)**
4 সেপ্টেম্বর রাজ্যের মাল্টি এজেন্সি টাস্ক ফোর্সের তদন্তকারীরা 37 জন পৃষ্ঠপোষককে ভবনের পিছনের উঠানে খাবার ছাড়া পান করতে দেখেন, যেখানে সর্বাধিক আঠারো জন থাকতে পারে। তদন্তকারীরা এছাড়াও গভর্নরের নির্বাহী আদেশের স্পষ্ট লঙ্ঘন করে একটি ওয়াকআপ বার থেকে পানীয় কিনতে অতিরিক্ত পৃষ্ঠপোষকদের দেখেন।

**9 সেপ্টেম্বর 2020 তারিখে ম্যানহাটনের 652 10ম অ্যাভেনিউতে অবস্থিত "কোচি" (Kochi)**
7 সেপ্টেম্বর, রাজ্যের মাল্টি-এজেন্সি টাস্ক ফোর্সের তদন্তকারীরা আনুমানিক পনেরোজন গ্রাহককে প্রাঙ্গণের সরাসরি বাইরে জড়ো হয়ে মদ্যপান করতে দেখেন, সামাজিক দূরত্বের নির্দেশিকা উপেক্ষা করে - বেশিরভাগই মুখের আবরণ ছাড়া। তদন্তকারীরা ভবনে প্রবেশ করেন এবং ভবনের ভেতরে প্রায় ত্রিশজন পৃষ্ঠপোষক এবং সার্ভারদের পর্যবেক্ষণ করেন, গভর্নরের 16 মার্চ, 2020 তারিখের নির্বাহী আদেশ লঙ্ঘন করে, যা নিউ ইয়র্ক সিটিতে ইনডোর ডাইনিং নিষিদ্ধ করে।

**9 সেপ্টেম্বর 2020 তারিখে কুইন্সের 98-05 নর্দার্ন বুলাভার্ডে অবস্থিত "কাসা রুবিও রেস্টুরেন্ট" (Casa Rubio Restaurant)**
9 সেপ্টেম্বর তারিখে রাজ্যের মাল্টি এজেন্সি টাস্ক ফোর্স এবং NYPD কর্মকর্তারা 27 জন পৃষ্ঠপোষককে 16 মার্চ 2020 তারিখ থেকে কার্যকর আভ্যন্তরীণ আহারাদীর সীমাবদ্ধতা লঙ্ঘন করে রেস্টুরেন্টের ভিতরে খাবার খেতে দেখেন। তদন্তকারীরা আরও দেখেন যে অন্তত ত্রিশ জন পৃষ্ঠপোষক

ব্যাক-টু-ব্যাক টেবিলে বাইরে খাওয়া-দাওয়া করছেন, যেখানে কোন সামাজিক দূরত্ব নেই এবং মুখের আবরণ ছাড়া দুজন কর্মচারীকেও দেখেন। তদন্তকারীরা এছাড়াও সাতজন পৃষ্ঠপোষককে দেখেন যারা মুখের আবরণ ছাড়া প্রাঙ্গনে ঢোকার জন্য অপেক্ষা করছেন এবং তাদের লাইসেন্স লঙ্ঘন করে একটি ডিজে ইনডোর ভতরে স্থাপন করা আছে।

**9 সেপ্টেম্বর, 2020 তারিখে ব্রঙ্কসের 3813-3817 বোস্টন রোডে "ক্লাসিক বার এন্ড লাউঞ্জ" (Klassique Bar & Lounge)**
5ই সেপ্টেম্বর তারিখে রাজ্যের মাল্টি-এজেন্সির টাস্ক ফোর্সের তদন্তকারীরা প্রায় সত্তরজন পৃষ্ঠপোষকদের ভবনের বাইরে জড়ো হতে দেখেছেন, যার মধ্যে অর্ধেকের বেশি পৃষ্ঠপোষকরা বাইরের টেবিলগুলির কাছে দাঁড়িয়েছিলেন এবং মদ্যপান করছিলেন। এছাড়াও তদন্তকারীরা ভবনের ভেতরে একজন পৃষ্ঠপোষককে মদ্যপান করতে এবং ওয়েটস্টাফের একজন সদস্যকে মুখের আবরণ ছাড়া দেখেছেন।

**9 সেপ্টেম্বর, 2020 তারিখে রচেস্টারের 315 আলেকজান্ডার স্ট্রিটে "ম্যাসনস অন আলেকজান্ডার" (Masons on Alexander)**
সেপ্টেম্বরের 4 তারিখে, একজন SLA তদন্তকারী একটি অপ্রকাশিত পরিদর্শন করেন, যেখানে তিনি অসংখ্য সামাজিক দূরত্বের লঙ্ঘনগুলির সাথে একটি জনাকীর্ণ বার আবিষ্কার করেছেন। 5 মার্কিন ডলারের কভার চার্জ দেওয়ার পর তদন্তকারী উপরের প্রধান বারে খাবার ছাড়াই একটি বিয়ার কিনে নেন, যেখানে তিনি লক্ষ করেছেন যে উপস্থিত তিনজন বারটেন্ডারের নাক এবং মুখের নিচে মুখের আবরণ টেনে নামানো ছিল। তদন্তকারী বারের এলাকার কাছে পঞ্চান্নজন পৃষ্ঠপোষকদের নথিভুক্ত করেছেন, অন্তত দশজন দাঁড়িয়েছিলেন এবং মুখের আবরণ ছাড়া মদ্যপান করছিলেন, এবং অসংখ্য পৃষ্ঠপোষকরা এই এলাকা থেকে আসছিলেন ও যাচ্ছিলেন, সামাজিক দূরত্বের প্রয়োজনীয়তাকে পুরোপুরি উপেক্ষা করে। তদন্তকারী বেসমেন্টের বার এলাকায় ষোলজন পৃষ্ঠপোষকদের দেখেছেন, যার মধ্যে অন্তরভুক্তি ছয়জন ব্যক্তি যারা দাঁড়িয়ে ছিলেন এবং মদ্যপান করছিলেন, এবং দুইজন বারটেন্ডার যারা অনুপযুক্তভাবে তাদের মুখের আবরণ পরিধান করে ছিলেন। তদন্তকারী খাবার অর্ডার করার কথা বলেন এবং একজন বারটেন্ডার তাকে বলেন যে এই ভবনটিতে শুধুমাত্র পপকর্ন পরিবেশন করা হয়, এটি একটি তথ্য যা মালিক পরে নিশ্চিত করেছেন। সরাসরি বারটির বাইরে, তদন্তকারী আঠারো জন পৃষ্ঠপোষকদের লক্ষ্য করেন, যাদের মধ্যে বেশীরভাগই দাঁড়িয়েছিলেন, মদ্যপান করছিলেন এবং সামাজিক দূরত্বকে উপেক্ষা করছিলেন।

**11 সেপ্টেম্বর, 2020 তারিখে কুইন্সের 131-13 জ্যামাইকা এভিনিউতে "সানি গ্রসারি এন্ড ডিসকাউন্ট" (Sunny Grocery & Discount)**
10ই সেপ্টেম্বর তারিখে রাজ্যের মাল্টি এজেন্সির টাস্ক ফোর্সের সাথে তদন্তকারীরা এবং নিউ ইয়র্ক পুলিশ বিভাগ (NYPD) কর্মকর্তারা মুদির দোকানটিকে -- যা চত্বরে পান করার জন্য একেবারেই মদ পরিবেশন করার অনুমতি পায় না -- একটি বার হিসাবে কাজ করতে দেখতে পান, যেখানে পাঁচজন পৃষ্ঠপোষক ভবনটির পিছনের রুমে মদ্যপান করছিলেন, এবং একটি অবৈধ, সাময়িক প্রস্রাবাগার ভবনের পিছনে পৃষ্ঠপোষকদের জন্য স্থাপন করা ছিল। NYPD অফিসাররা লাইসেন্সবিহীন বটল ক্লাবের পরিচালনা করার এবং করবিহীন সিগারেট বিক্রি করার অভিযোগে লাইসেন্সধারীকে গ্রেফতার করে।

**11 সেপ্টেম্বর 2020 তারিখে, কুইন্সের 131-11 জ্যামাইকা অ্যাভেনিউতে "3 ইন 1 ডেলি গ্রসারি" (3 in 1 Deli Grocery)**

10 সেপ্টেম্বর তারিখে রাষ্ট্রের মাল্টি-এজেন্সির টাস্ক ফোর্সের তদন্তকারীরা এবং NYPD অফিসাররা ভবনের ম্যানেজারকে মুখের কোন আবরণ ছাড়া এবং দুইজন পৃষ্ঠপোষকদের খাবার ছাড়া প্রতিষ্ঠানের ভেতরে মদ্যপান করতে দেখেন, যা 16 মার্চ, 2020 তারিখ থেকে কার্যকর হওয়া ইনডোর পরিষেবার বিধিনিষেধগুলি লঙ্ঘন করে। আরও সাতজন পৃষ্ঠপোষকরা মদ্যপান করছিলেন এবং ভবনটির পিছনে একটি অননুমোদিত অভ্যন্তরীণ কাঠামোতে সামাজিক দূরত্বের নিয়মকানুন লঙ্ঘন করছিলেন। উপরন্তু, প্রতিষ্ঠানের মধ্যে অ্যালকোহলযুক্ত মদের একটি খোলা বোতল, প্রেসক্রিপশনের ওষুধ এবং সিগারেটগুলি পাওয়া গেছে, যদিও তাদের লাইসেন্সটি শুধুমাত্র বিয়ার বিক্রি করার অনুমোদন দেয়। NYPD অফিসাররা ম্যানেজারকে প্রেসক্রিপশনের ওষুধ বিতরণের অপরাধমূলক বিনোদন করা, লাইসেন্স ছাড়া সিগারেট বিক্রি করা এবং মুখের আবরণ ছাড়া ইন্ডোর পরিষেবা এবং কর্মচারীদের ক্ষেত্রে নির্বাহী আদেশ পালন করার ব্যর্থতার জন্য ফৌজদারি আদালতের শমন জারি করেছে।

**11ই সেপ্টেম্বর, 2020 তারিখে স্কেনেকটাডির 165 এরি বুলেভার্ডে "উলফ'স বিয়ারগার্টেন" (Wolff's Biergarten)**

সেপ্টেম্বরের 10 তারিখে, SLA-এর তদন্তকারীরা ঘটনাস্থলটিতে একটি অপ্রকাশিত পরিদর্শন করেন, যেখানে তারা দেখেন যে বারটিতে অন্তত তেরোজন পৃষ্ঠপোষকরা দাঁড়িয়ে আছেন এবং কাঁধে কাঁধ মিলিয়ে মদ্যপান করছেন। চল্লিশ মিনিটের পরিদর্শনটির সময় খাবার পরিবেশনের কোন প্রমাণ পাওয়া যায়নি, যেখানে একজন তদন্তকারী বারে দাঁড়িয়ে একটি বিয়ার অর্ডার করেছিলেন, কোন খাদ্য কেনার প্রয়োজন ছাড়াই। তদন্তকারীরা স্বাস্থ্য দপ্তরের নির্দেশিকা লঙ্ঘন করে তেরো জন পৃষ্ঠপোষকের সাথে একটি টেবিল বসে আছেন বলে এবং একজন কর্মচারী মুখের আবরণ ছাড়া আছেন বলে নথিভুক্ত করেছেন। অসংখ্য পৃষ্ঠপোষককে মুখের আবরণ ছাড়া সারা চত্বর জুড়ে হাঁটছেন, মেলামেশা করছেন এবং মদ্যপান করছেন বলে দেখা যায়। লাইসেন্সধারীর মালিককে এর আগে SLA সতর্ক করেছিল মুখের আবরণ ছাড়া কর্মীদের এবং পৃষ্ঠপোষকদের দাঁড়িয়ে থাকা এবং খাওয়া সম্পর্কে, উভয়ই জনস্বাস্থ্য বিধির লঙ্ঘন।

**11 সেপ্টেম্বর, 2020 তারিখে ইয়ঙ্কারের 30 নর্থ ব্রডওয়েতে "ব্লু বার অ্যান্ড গ্রিল" (Blue Bar & Grill)**

9 সেপ্টেম্বর অতিরিক্ত গোলমাল এবং সামাজিক লঙ্ঘনের অসংখ্য অভিযোগের জবাবে ইয়ঙ্কার পুলিশ ডিপার্টমেন্ট এবং ইয়ঙ্কারস ফায়ার ডিপার্টমেন্ট এই চত্বরের একটি কমপ্লায়েন্স চেক পরিচালনা করে, যেখানে দেখা যায় যে একটি ডিজেঅত্যন্ত জোরে সঙ্গীত বাজাচ্ছেন এবং একশো উনিশ জন পৃষ্ঠপোষক ভিড় করে আছেন যার সর্বাধিক ধারণক্ষমতা কেবল বাষট্টি স্বাস্থ্য দপ্তরের আভ্যন্তরীণ পরিষেবার নির্দেশিকা অনুযায়ী। কর্মকর্তারা জানিয়েছেন যে বারের ভেতরে সামাজিক দূরত্বের সম্পূর্ণ অভাব রয়েছে, যেখানে অসংখ্য পৃষ্ঠপোষক মুখের আবরণ পরিধান করছেন না এবং পুরো এলাকা জুড়ে মেলামেশা এবং মদ্যপান করছেন। আধিকারিকরা অতিরিক্তভাবেএও লক্ষ্য করেন যে খাদ্য পরিবশন করা হচ্ছিল এবং ব্যবসাটির ফুড পারমিটের মেয়াদ উত্তীর্ণ হয়ে গেছে।

**12 সেপ্টেম্বর, 2020 তারিখে মানহাসেটের 2014C নর্দার্ন বুলেভার্ডে "টোকু মডার্ন এশিয়ান" (Toku Modern Asian)**

11 সেপ্টেম্বর তারিখে রাজ্যের মাল্টি এজেন্সি টাস্ক ফোর্সের তদন্তকারীরা সামাজিক দূরত্ব উপেক্ষা করে, যার মধ্যে কেবল মুষ্টিমেয় কিছু মানুষ মুখের আবরণ ব্যবহার করছেন,এই অবস্থায় প্রাঙ্গণে প্রবেশের জন্য দীর্ঘ সারিতে পৃষ্ঠপোষকরা অপেক্ষা করছেন বলে পর্যবেক্ষণ করেন। তদন্তকারীরা 118 জন পৃষ্ঠপোষককে এই ভবনের ভেতরে ভিড় করে আছেন বলে নথিভুক্ত করেছেন, যার সর্বাধিক ধারণক্ষমতা কেবল 90, স্বাস্থ্য দপ্তরের আভ্যন্তরীণ পরিষেবার নির্দেশিকা অনুযায়ী। অতিরিক্ত 67 জন পৃষ্ঠপোষক একটি বাইরের ডাইনিং এলাকায় জড়ো হয়েছিলেন, যার সর্বাধিক ধারণক্ষমতা কেবল 32। তদন্তকারীরা এছাড়াও অসংখ্য পৃষ্ঠপোষককে খাবার ছাড়া বার থেকে পানীয় কিনতে এবং খাওয়ার জন্য বাইরে নিয়ে যেতে লক্ষ্য করেন।

**12 সেপ্টেম্বর 2020 তারিখে স্টেটেন দ্বীপের 3823-3825 ম্যানসন এভিনিউতে "জয়েস'স ট্যাভার্ন (Joyce's Tavern)"**

11ই সেপ্টেম্বর, রাজ্যের মাল্টি এজেন্সি টাস্ক ফোর্সের তদন্তকারীরা প্রাঙ্গনের ভিতরে দশজন গ্রাহককে একটি টেবিলে বসে পান করতে দেখেন এবং আরেকটি টেবিলে একজনকে ভিতরে খাওয়া-দাওয়া এবং পান করতে দেখেন - যা 16 মার্চ, 2020 থেকে কার্যকর অভ্যন্তরীণ ডাইনিং সম্পর্কিত বিধিনিষেধ লঙ্ঘন করে।

**12 সেপ্টেম্বর, 2020 তারিখে হ্যামিলটনের 18 লেবানন স্ট্রিটে "রিস্কি বিজনেস ক্যাফে" (Risky Business Café)**

11ই সেপ্টেম্বরে, রাজ্যের মদ্য পানীয় কর্তৃপক্ষের (SLA) তদন্তকারীরা এই প্রাঙ্গনে একটি প্রকাশিত ইন্সপেকশন করেন, যেখানে তারা প্রায় পনেরজন গ্রাহককে দেখেন -- সামাজিক দূরত্বের বিধি উপেক্ষা করতে এবং বেশিরভাগ ব্যক্তি মুখের আবরণ ছাড়াই -- এই প্রতিষ্ঠানে প্রবেশের জন্য অপেক্ষা করছিলেন। তদন্তকারীরা, যাদের প্রাথমিকভাবে কর্মীদের দ্বারা প্রবেশে বাধা দেওয়া হয়, প্রাঙ্গনের ভিতরে প্রায় 70 জন গ্রাহককে দেখতে পান, যদিও স্বাস্থ্য বিভাগের (Department of Health) অভ্যন্তরীণ পরিষেবা নির্দেশিকার অধীনে এই প্রতিষ্ঠানে সর্বোচ্চ কেবল 43 জন ব্যক্তি থাকতে পারে। তদন্তকারীরা বেশীরভাগ গ্রাহকদের দাঁড়িয়ে থাকতে এবং মুখের আবরণ ছাড়াই অ্যালকোহল পান করতে নথিভুক্ত করেন, সামাজিক দূরত্বের নিয়মকানুন পুরোপুরি উপেক্ষা করে। এছাড়াও তদন্তকারীরা লক্ষ করেন যে কোনো খাবার পরিবেশন করা হচ্ছিল না, যা সেখানকার মালিক স্বীকার করেছেন যে তাদের কাছে ক্রয়ের জন্য শুধুমাত্র পপকর্ন এবং আইসক্রিম স্যান্ডউইচ ছিল।

**12 সেপ্টেম্বর, 2020 তারিখে পুকিপসির 35 মেইন স্ট্রিটে "এমেট ম্যাহনির আইরিশ পাব অ্যান্ড স্টেকহাউস" (Emmett Mahoney's Irish Pub and Steakhouse)**

11ই সেপ্টেম্বরে, রাজ্যের মদ্য পানীয় কর্তৃপক্ষের (SLA) তদন্তকারীরা প্রাঙ্গনের ভিতরে প্রায় 50 জন গ্রাহককে অ্যালকোহল পান করতে, লাইভ ডিজে সঙ্গীতের সাথে নাচতে, মুখের আবরণ পরিধান না করতে এবং সামাজিক দূরত্বের বিধি উপেক্ষা করতে দেখেন। কোনো খাবার পরিবেশন করতে দেখা যায়নি, যেখানে একজন তদন্তকারী খাবার কেনার প্রয়োজন ছাড়াই বারে দাঁড়িয়ে বিয়ার অর্ডার

করেন। উপরন্তু তদন্তকারীরা বাইরের বারান্দায় প্রায় 25 জন গ্রাহককে দেখেন, যাদের বেশিরভাগই দাঁড়িয়ে ছিলেন এবং মুখের আবরণ ছাড়াই অ্যালকোহল পান করছিলেন।

**13 সেপ্টেম্বর, 2020 তারিখে কুইন্সের 35-14 এবং 35-16 জাংশন বুলেভার্ডে "সুয়েনোস আমেরিকানো বার রেস্টুরেন্ট" (Suenos Americano Bar Restaurant)**

12ই সেপ্টেম্বরে, নিউ ইয়র্ক পুলিশ বিভাগের কর্মকর্তারা 1টার পর কোলাহলের অভিযোগের উত্তরে: প্রাঙ্গন এবং সদর দরজা বন্ধ দেখেন। একটি পার্শ্ব প্রবেশদ্বার থেকে একজন গ্রাহককে বের হতে দেখে, কর্মকর্তারা ভিতরে গিয়ে প্রায় 75 জন ব্যক্তিকে একটি অভ্যন্তরীণ বেসমেন্ট বার এলাকা থেকে বের হতে দেখেন- যা 2020 সালের 16 মার্চ থেকে নিউ ইয়র্ক শহরে অভ্যন্তরীণ ডাইনিং সীমাবদ্ধ করা গভর্নরের নির্বাহী আদেশের সুস্পষ্ট লঙ্ঘন করে পরিচালনা করছিল। কর্মকর্তারা জানিয়েছেন যে কোনো খাবার পরিবেশন করা হচ্ছিল না এবং কর্মীরা মুখের আবরণ ছাড়াই ছিলেন, এদিকে ছবিতে মুখের আবরণ ছাড়া এবং সামাজিক দূরত্বের নিয়মকানুন উপেক্ষা করে উপস্থিত কয়েক ডজন গ্রাহককে দেখা যায়। এছাড়াও কর্মকর্তারা ডিজে-দের সরঞ্জাম প্যাকিং করতে দেখেন যদিও এই লাইসেন্সধারীকে ডিজে রাখার বা নাইটক্লাব হিসেবে পরিচালনা করার অনুমতি দেওয়া হয়নি।

**13 সেপ্টেম্বর, 2020 তারিখে ব্রুকলিনের 35 ব্রডওয়েতে "প্যাট্রিজিয়া পিৎজা" (Patrizia Pizza)**

12ই সেপ্টেম্বরে, রাজ্যের মাল্টি এজেন্সি টাস্ক ফোর্সের তদন্তকারীরা স্বাস্থ্য বিভাগ (Department of Health) এবং রাজ্যের মদ্য পানীয় কর্তৃপক্ষের (SLA) সামাজিক দূরত্বের নিয়ম লঙ্ঘন করে, সরাসরি প্রাঙ্গনের বাইরে দুটি টেবিলে কমপক্ষে 26 জন গ্রাহকের একটি দলকে দেখেন। ভিতরে, তদন্তকারীরা 2020 সালের 16 মার্চ থেকে নিউ ইয়র্ক শহরে অভ্যন্তরীণ ডাইনিং সীমাবদ্ধ করা গভর্নরের নির্বাহী আদেশের সুস্পষ্ট লঙ্ঘন করে বারে বসে থাকা পাঁচজন গ্রাহককে নথিভুক্ত করেন।

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন